

## নারয়নগঞ্জের সিদ্দিরগঞ্জ থেকে ১৮০০ পিস ইয়াবাসহ ১ জন গ্রেফতার



অদ্য ২০/১০/২০১৪ ইং তারিখ সময় ১৫.০০-১৬.০০ঘটিকায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রো উপ-অঞ্চলের সহকারী পরিচালক (উত্তর) জনাব মোঃ মানজুরুল ইসলাম ও সহকারী পরিচালক (দক্ষিণ) জনাব মোঃ রাশেদুজ্জামান এর যৌথ নেতৃত্বে গঠিত রেইডিং টিম সিদ্দিরগঞ্জ থানাধীন হিরাঝিল আবাসিক এলাকায় অভিযান

পরিচালনা করে শফিকুর রহমান মিটু এর নিজ দখলীয় বসতঘর হতে ১৮০০ (এক হাজার আটশত) পিস ইয়াবা উদ্ধার ও জব্দ পূর্বক তাকে গ্রেফতার করা হয়। অভিযান পরিচালনাকালে অন্যান্যের মধ্যে খিলগাঁও সার্কেলের পরিদর্শক জনাব মোঃ শামসুল কবির, গুলশান সার্কেলের পরিদর্শক জনাব মোঃ লায়েকুজ্জামান, ডেমরা সার্কেলের পরিদর্শক জনাব মোঃ ফজলুল হক খান ও সবুজবাগ সার্কেলের পরিদর্শক জনাব মোঃ ইকবাল অংশুগ্রহন করেন। আসামীদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ মোতাবেক খিলগাঁও সার্কেলের পরিদর্শক জনাব মোঃ শামসুল কবির বাদী হয়ে মামলা রুজুর প্রক্রিয়াধীন রয়েছে। উদ্ধারকৃত ইয়াবার আনুমানিক মূল্য ৫,৪০,০০০/- (পাঁচ লক্ষ চল্লিশ হাজার) টাকা মাত্র। আসামীকে প্রাথমিকভাবে জিজ্ঞাসাবাদে জানা যায় ঢাকার বিভিন্ন এলাকায় খুচরা মাদক ব্যবসায়ীদের কাছে বর্ণিত মাদকদ্রব্য পাইকারী বিক্রি করত।